# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৫৮ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৫৯]

পর্ব-১৫ : সফরে সালাত সংক্ষিপ্ত করা (كتاب تقصير الصلاة فى السفر)

পরিচ্ছেদঃ ৪: সফরের সময় নফল সালাত ছেড়ে দেয়া

## باب تَرْكِ التَّطَوُّعِ فِي السَّفَرِ

আরবী

أَخْبَرَنِي نُوحُ بْنُ حَبِيبٍ، قال: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، قال: حَدَّثَنَا عِيسَى بْنُ حَفْصِ بْنِ عَاصِمٍ، قال: حَدَّثَنِي أَبِي، قال: كُنْتُ مَعَ ابْنِ عُمَرَ فِي سَفَرٍ فَصَلَّى الظُّهْرَ وَالْعَصْرَ رَكْعَتَيْنِ، ثُمَّ انْصَرَفَ إِلَى طِنْفِسَةٍ لَهُ، فَرَأَى قَوْمًا يُسَبِّحُونَ، قَالَ: مَا يَصْنَعُ هَؤُلَاءِ ؟ قُلْتُ: يُسَبِّحُونَ، قَالَ: لَوْ كُنْتُ مُصَلِّيًا قَبْلَهَا أَوْ بَعْدَهَا لَأَتْمَمْتُهَا، صَحِبْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَكَانَ: لَا يَزِيدُ فِي السَّفَرِ عَلَى الرَّكْعَتَيْنِ، وَأَبَا بَكْرٍ حَتَّى قُبِضَ وَعُمَرَ وَعُثْمَانَ رَضِيَ اللَّهُ عَنْهُمْ كَذَلِكَ .

تخريج دارالدعوه: صحيح البخارى/تقصير ال صلاة ١١ (١١٠١، ١١٠٢)، صحيح مسلم/المسافرين ١ (٦٨٩)، سنن ابى داود/الصلاة ٢٧٦ (١٢٢٣)، وقد أخرجہ: سنن الترمذى/الصلاة ٢٧۴ (الجمعة ٣٩) (۵۴۴)، سنن ابن ماجہ/الإقامة ٧۵ (١٠٧١)، (تحفة الأشراف: ٦٦٩٣)، مسند احمد ٢/٢۴، ۵٦ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1459 _ صحيح

বাংলা

১৪৫৮. নূহ ইবনু হাবীব (রহ.) ..... ‘‘ঈসা ইবনু হাফস (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমার পিতা আমার কাছে বর্ণনা করেছেন যে, আমি এক সফরে ইবনু উমার (রাঃ) -এর সাথে ছিলাম। তিনি যুহর এবং ‘আসরে দু' রাক’আত করে সালাত আদায় করলেন। তারপর তিনি তার বিছানায় ফিরে গেলেন। তখন তিনি দেখলেন যে, মুসল্লীরা নফল সালাত আদায় করা আরম্ভ করে দিয়েছে। তিনি প্রশ্ন করলেন, এরা কি করছে? আমি বললাম,

তারা নফল সালাত আদায় করেছে। তিনি বললেন, যদি আমি এ দু' রাকআত ফরযের পূর্বে বা পরে নফল সালাত আদায় করতাম তা হলে পূর্ণ চার রাক'আত পড়তাম। আমি রসূলুল্লাহ (সা.) -এর সঙ্গে থেকেছি, তিনি সফরে দু' রাক'আতের অধিক আদায় করতেন না। আমি আবূ বকর, 'উমার এবং 'উসমান (রাঃ) -এরও সাহচর্য লাভ করেছি। তারাও মৃত্যু পর্যন্ত অনুরূপ করতেন।

## English

Not performing voluntary prayers while traveling

Eisa bin Hafs bin 'Asim said: My father told me: 'I was with Ibn Umar on a journey, and he prayed Zuhr and 'Asr with two rak'ahs each, then he went and sat on his carpet. He saw some people offering voluntary prayers and said: What are these people doing? I said: They are offering voluntary prayers. He said: If I had wanted to pray before and after (the obligatory prayer) I would have offered it in full. I accompanied the Messenger of Allah (ﷺ) and he did not pray more than two rak'ahs when traveling, and Abu Bakr (did likewise) until he died, as did 'Umar and 'Uthman, may Allah (SWT) be pleased with them all.

### ফুটনোট

সহীহ: বুখারী ১১০১, ১১০২; মুসলিম ৬৮৯, ইরওয়াউল গালীল ৫৬৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89954

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন